

প্রেস রিলিজ

০৬ আগস্ট ২০২৫

বাউবিতে Quality Academic Writing, Reviewing & Editing বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) আয়োজিত Quality Academic Writing, Reviewing & Editing বিষয়ক এক প্রশিক্ষণ আজ ০৬ আগস্ট ২০২৫ বাউবির গাজীপুরস্থ ক্যাম্পাসে ই-লানিং সেন্টারে অনুষ্ঠিত হয়। আইকিউএসির পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ প্রোগ্রামের উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদানকালে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম বলেন, “একটি জ্ঞানভিত্তিক সমাজ গঠনে গবেষণার গুণগত মান নিশ্চিতকরণ অপরিহার্য। মানসম্পন্ন একাডেমিক রাইটিং, সুচিন্তিত রিভিউ এবং যথাযথ সম্পাদনা ছাড়া আন্তর্জাতিক পরিমণ্ডলে গ্রহণযোগ্য গবেষণাপত্র উপস্থাপন করা সম্ভব নয়। আজকের এই প্রশিক্ষণ কর্মশালা আমাদের শিক্ষক, গবেষক ও কর্মকর্তাদের মধ্যে সেই সক্ষমতা উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি আশাবাদী।”

তিনি আরও বলেন, “ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর এই উদ্যোগ প্রশংসনীয়। এ ধরনের প্রশিক্ষণের ধারাবাহিকতা বজায় থাকলে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান আরও উন্নত হবে এবং জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এর গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে।”

প্রশিক্ষণ প্রোগ্রামে রিসোর্স পার্সন ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুবিজ্ঞান ও স্বাস্থ্যবিধি বিভাগ ভেটেরিনারি বিজ্ঞান অনুষদের অধ্যাপক ড. কেএইচএম নাজমুল হোসেন নাজির। অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ মামুনুর রশিদ। এ প্রশিক্ষণে বাউবি বিভিন্ন স্কুলের ৩৬ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল: ০১৭১১২০৭৬৯৮